রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

২০১৮-২০১৯ অর্থবছরের প্রয়াস
শ্রেণীকৃত ঋণ করবো হ্রাস।

ফোন: ০২৪৭-৮৬০৫২৯
Email: dgmlad2@rakub.org.bd
Web : www.rakub.org.bd

ঋণওঅবি-২ সার্কুলার নং-০২/২০১৯ তারিখ : ১৭.০৭.২০১৯

বিষয় : ২০১৯-২০২০ অর্থবছরের শস্য, দারিদ্র্য বিমোচন ও পরিবেশবান্ধব খাতে কর্মসূচিভিত্তিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা জোনওয়ারী বন্টন প্রসংগে।

চলতি ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ বিষয়ক ঋণ ও অগ্রিম বিভাগ-১, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী'র ১৫.০৭.২০১৯ তারিখের ০৩/২০১৯ নম্বর সার্কুলারের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে রাকাব এর ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ২৩০০.০০ কোটি টাকা জোনওয়ারী খাতভিত্তিক বিভাজন করে বরাদ্দ দেয়া হয়েছে। তন্মধ্যে শস্য খাতে ৯০০.০০ কোটি টাকা এবং দারিদ্র্য বিমোচনমূলক খাতে ৩৫.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ৫% হিসেবে ১১৫.০০ কোটি টাকা পরিবেশবান্ধব খাতে বিতরণ করতে হবে।

০৩। খাত ও কর্মসূচিভিত্তিক ঋণ বিতরণের ক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরে জোনের অর্জন এবং জোনসমূহে সংশ্লিষ্ট খাতের সম্ভাবনার প্রতি গুরুত্ব আরোপ করে চলতি অর্থবছরে শস্য খাতের ৯০০.০০ কোটি টাকা (সংযোজনী-'ক'), দারিদ্র্য বিমোচনমূলক খাতের ৩৫.০০ কোটি টাকা (সংযোজনী-'খ') এবং পরিবেশবান্ধব খাতের ১১৫.০০ কোটি টাকা (সংযোজনী-'গ') ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা জোনওয়ারী বিভাজন/বন্টন করা হলো। শাখার গুরুত্ব/চাহিদা মোতাবেক জোনাল ব্যবস্থাপকগণ আগামী ১৮.০৭.২০১৯ তারিখের মধ্যে শাখাভিত্তিক উল্লিখিত লক্ষ্যমাত্রা বন্টন করে এতদসংক্রান্ত কপি এ বিভাগে প্রেরণ করবেন।

০৪। প্রসঙ্গত উল্লেখ্য, কোন জোন/শাখায় আলোচ্য খাতসমূহের ক্ষেত্রে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে প্রধান কার্যালয় হতে প্রয়োজনীয় চাহিদা মোতাবেক অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হবে। কোন অবস্থাতেই নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পর গ্রাহক পর্যায়ে চাহিদা থাকা সত্ত্বেও বরাদ্দ ঘাটতির অজুহাতে ঋণ বিতরণ না করার যুক্তি গ্রহণযোগ্য হবে না।

০৫। এমতাবস্থায়, ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ১৫.০৭.২০১৯ তারিখের ০৩/২০১৯ নম্বর সার্কুলারে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক খাত ও কর্মসূচিভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনা ও নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। পাশাপাশি শস্য, দারিদ্র্য বিমোচন ও পরিবেশবান্ধব খাতে কর্মসূচিভিত্তিক ঋণ বিতরণ বিষয়ে নিম্নোক্ত দিক-নির্দেশনা পরিপালনের জন্য পরামর্শ দেয়া হলো :

(ক) প্রচলিত শস্য ঋণ কর্মসূচি :

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির নির্দেশনা; ঋণ ও অগ্রিম বিভাগ-১, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী এর ১৫.০৭.২০১৯ তারিখের ০৩/২০১৯ নম্বর সার্কুলার এবং ঋণ ও অগ্রিম বিভাগ-২, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার, সার্কুলার লেটার এবং পত্রের নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণের জন্য পরামর্শ দেয়া হলো। জোনসমূহকে শস্য পঞ্জিকা বিশ্লেষণ করে মৌসুম ভিত্তিক কৃষি ঋণের চাহিদা নির্ণয়করতঃ লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।

চলমান পাতা-০২

(খ) ডাল, তৈলবীজ ও মসলা জাতীয় ফসলের জন্য ৪% সুদে ঋণ বিতরণ কর্মসূচি :

শস্য ঋণ বিতরণের ক্ষেত্রে আমদানি নির্ভর শস্য যেমন, ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা উৎপাদনে অগ্রাধিকার দিতে হবে। এ খাতে ঋণ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির সংশ্লিষ্ট অনুচ্ছেদে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক ঋণ বিতরণ করতে হবে। আমদানি বিকল্প/অপ্রধান শস্য (রাকাব, বিআরডিবি ও ডিএই এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক মোতাবেক) খাতে ঋণ বিতরণ কর্মসূচি রাষ্ট্রীয়ভাবে গুরুত্বপূর্ণ হওয়ায় এ কার্যক্রমে কোন প্রকার শৈথিল্য/ব্যর্থতার সুযোগ নেই। এ কার্যক্রমটি বাংলাদেশ ব্যাংক নিবিড়ভাবে তদারকি করছে বিধায় এ খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো। এছাড়া প্রতি অর্থবছর শেষে জুলাই মাসের ১০ তারিখের মধ্যে নির্ধারিত ছকে সুদ ভর্তুকী দাবীর বিবরণী এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(গ) ভূমিহীন ও বর্গাচাষীদের অনুকূলে ঋণ বিতরণ কর্মসূচি :

ভূমিহীন ও বর্গাচাষীদের অনুকূলে ঋণ বিতরণের বিষয়টি সরাসরি অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক তদারকি করা হচ্ছে। অর্থ মন্ত্রণালয়ের সাথে প্রতি অর্থবছরে রাকাব-কে Annual Performance Agreement (APA) সম্পাদন করতে হচ্ছে। উল্লেখ্য, Annual Performance Agreement (APA) তে অন্তর্ভুক্ত Key Performance Indicator এর মধ্যে ভূমিহীন ও বর্গাচাষীদের অনুকূলে ঋণ প্রদানের বিষয়টি একটি অন্যতম গুরুত্বপূর্ণ Indicator যা দ্বারা ব্যাংকের Performance মূল্যায়ন করা হয়। এমতপ্রেক্ষিতে এ খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন না করা গেলে অর্থ মন্ত্রণালয়ের নিকট ব্যাংক ব্যবস্থাপনাকে জবাবদিহি করতে হয়। এমতাবস্থায়, এ খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত না করার কোন বিকল্প নেই।

(ঘ) স্বনির্ভর ঋণ কর্মসূচি :

স্বনির্ভর বাংলাদেশ এর ব্যবস্থাপনা পর্যায়ে বিভক্তি/অন্তর্দ্বন্দ্বের কারণে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নতুন ঋণ বিতরণ করা যাবে না। তবে কোন গ্রুপের সকল সদস্য পূর্বের গৃহিত ঋণ সুদাসলে সম্পূর্ণ পরিশোধ করলে ঐ গ্রুপ সদস্যদের অনুকূলে ঋণ বিতরণ করা যাবে। কোন গ্রুপের সমুদয় ঋণ আদায় করা সম্ভব না হলেও গ্রুপটির অন্তর্ভুক্ত কোন সদস্য ঋণের অর্থ সম্পূর্ণ পরিশোধ করে থাকলে উক্ত ঋণগ্রহিতাকে ব্যাংকের প্রচলিত নিয়মে অন্য ঋণ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করা যাবে। এক্ষেত্রে উক্ত ঋণগ্রহিতার সাথে স্বনির্ভর ঋণ কর্মসূচির কোনরূপ সংশ্লেষ থাকবে না। এক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর ০১.০৬.২০১৭ তারিখের প্রকা/ঋওঅবি-২/(১০)/২০১৬-২০১৭/৩৬৫(৯)/৪ নম্বর পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে।

(ঙ) আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারীদের অনুকূলে ঋণ প্রদান :

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারীদের অনুকূলে ঋণ বিতরণের প্রতি সরকার ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিশেষ গুরুত্ব প্রদান করা হচ্ছে এবং ঋণ কার্যক্রমটি বাংলাদেশ ব্যাংক নিয়মিতভাবে মনিটরিং করছে। এ খাতে বরাদ্দকৃত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। এ খাতে ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-২ কর্তৃক ২০.১১.২০১৪ তারিখে জারীকৃত ০৪/২০১৪ নম্বর পরিপত্র এবং সময় সময় জারীকৃত সার্কুলার/সার্কুলার লেটার/নির্দেশনা পরিপালন সাপেক্ষে ঋণ বিতরণ করতে হবে এবং সময়মত এতদসংক্রান্ত বিবরণী এ বিভাগে প্রেরণ করতে হবে।

(চ) রাকাব আদিবাসী ঋণ কর্মসূচি :

রাজশাহী ও রংপুর বিভাগের অন্তর্গত রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, গাইবান্ধা, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলায় উল্লেখযোগ্য সংখ্যক আদিবাসী স্থায়ীভাবে বসবাস করে থাকেন। এতদাঞ্চলে সাঁওতাল, উরাঁও, পাহানসহ বেশ কিছু জনগোষ্ঠীর বসবাস রয়েছে। এ সকল আদিবাসী দেশের সংখ্যালঘু, অশিক্ষিত এবং সুবিধাবঞ্চিত একটি জনগোষ্ঠী। এ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য রাকাব ঋণ ও অগ্রিম বিভাগ-২ কর্তৃক ২৪.১০.২০১১ তারিখের ০২/২০১১ নম্বর পরিপত্রের মাধ্যমে আদিবাসী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বিশেষ ঋণ কর্মসূচি চালু করা হয়। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক আদিবাসী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অনুকূলে ঋণ বিতরণের বিষয়ে গুরুত্ব প্রদান করা হচ্ছে। এ কর্মসূচির আওতায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-০৩

(ছ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি :

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষক/শিক্ষিকা নিজ বাড়িতে অথবা নিজ এলাকায় থেকে শিক্ষকতা করেন। শিক্ষকতার পাশাপাশি তাদের অনেকেই গাভী পালন, গরু মোটা-তাজাকরণ, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, নার্সারী স্থাপন, ক্ষুদ্র ব্যবসা পরিচালনা ইত্যাদি নানাবিধ আয় উৎসারী কাজে জড়িত রয়েছেন। সীমিত বেতন আয় থেকে পারিবারিক খরচ সংকুলানের পর এ সকল আয় উৎসারী কর্মকান্ডে অর্থ বিনিয়োগ করা তাদের পক্ষে সম্ভব হয়ে উঠে না। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের আয় উৎসারী কর্মকান্ডে সম্পৃক্ত করার মাধ্যমে তাদের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে রাকাব, ঋণ ও অগ্রিম বিভাগ-২ থেকে গত ২৮.০৭.২০০৮ তারিখে এতদসংক্রান্ত ০২/২০০৮ নম্বর পরিপত্র জারী করা হয়। পরিপত্র অনুযায়ী রাকাব এর নির্ধারিত এলাকায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যে সকল শিক্ষক/শিক্ষিকাগণ রাকাব শাখার মাধ্যমে বেতনের অর্থ উত্তোলন করে থাকেন তাদের অনুকূলে ঋণ বিতরণ করা হচ্ছে। পরবর্তীতে ঋণ ও অগ্রিম বিভাগ-২ কর্তৃক ১৪.০৮.২০১৮ তারিখে জারীকৃত ০৩/২০১৮ নম্বর পরিপত্রের মাধ্যমে ঋণের সর্বোচ্চ সিলিং ২,০০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ৫,০০,০০০/- টাকা নির্ধারণ করা হয়। এমতাবস্থায়, কর্মসূচিটির প্রতি গুরুত্ব আরোপ করে এতদবিষয়ে ১৪.০৮.২০১৮ তারিখে জারীকৃত ০৩/২০১৮ নম্বর পরিপত্রের নির্দেশনা পরিপালনপূর্বক ঋণ বিতরণের জন্য পরামর্শ দেয়া হলো।

(জ) পরিবেশবান্ধব খাতে ঋণ বিতরণ কর্মসূচি :

সাইটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ০৪.০৯.২০১৪ তারিখে জারীকৃত জিবিসিএসআরডি ০৪ নম্বর সার্কুলারের মাধ্যমে তফসিলিভুক্ত ব্যাংকসমূহের ফান্ডেড ঋণ/বিনিয়োগের ৫% পরিবেশবান্ধব খাতে বিতরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এতদবিষয়ে বাংলাদেশ ব্যাংকের উল্লিখিত সার্কুলার এন্ডোর্স করে ১০.১২.২০১৪ তারিখে এ বিভাগ থেকে মাঠ পর্যায়ে প্রকা/ঋওঅবি-২(১১৩)/২০১৪-২০১৫/১৯৫(১৯) নম্বর পত্র প্রেরণ করা হয়। চলতি ২০১৯-২০২০ অর্থবছরের জন্য এ ব্যাংকের মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ২৩০০.০০ কোটি টাকার ৫% হিসেবে মোট ১১৫.০০ কোটি টাকা পরিবেশবান্ধব খাতে বিতরণ করতে হবে। এমতপ্রেক্ষিতে জোনাল ব্যবস্থাপকগণ তাদের জোনের জন্য নির্ধারিত মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ৫% পরিবেশবান্ধব খাতে বিতরণের জন্য শাখাভিত্তিক লক্ষ্যমাত্রা বন্টন এবং লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করবেন।

(ঝ) দারিদ্র্য বিমোচনমূলক অন্যান্য খাত :

দারিদ্র বিমোচনমূলক অন্যান্য খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিভিন্ন সার্কুলার এবং ঋণ অগ্রিম বিভাগ-১ ও ঋণ অগ্রিম বিভাগ-২ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার/সার্কুলার লেটার ও এতদবিষয়ে অন্যান্য নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে।

(ঞ) বিশেষ নির্দেশনা :

১. ঋণ ও অগ্রিম বিভাগ-১, রাকাব, প্রধান কার্যালয় রাজশাহী কর্তৃক ১৫.০৭.২০১৯ তারিখের ০৩/২০১৯ নম্বর সার্কুলারের নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করতে হবে।

২. জোনাল ব্যবস্থাপকগণ খাতভিত্তিক শস্য, দারিদ্র্য বিমোচন এবং পরিবেশবান্ধব খাতে ঋণ বিতরণের অগ্রগতি সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিং করবেন।

৩. এ নির্দেশনার সাথে সংযুক্ত সংযোজনী-'ঘ' তে প্রদত্ত ছক মোতাবেক জোনের সাপ্তাহিক ঋণ বিতরণ অগ্রগতির তথ্য পরবর্তী সপ্তাহের প্রথম কার্যদিবসে সংশ্লিষ্ট জোনাল কার্যালয় হতে এ বিভাগে কোনরূপ তাগিদ ছাড়াই ই-মেইলের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪. আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারীদের অনুকূলে ঋণ বিতরণের ক্ষেত্রে সর্বোচ্চ ঋণের পরিমাণ ৫০,০০০/- টাকা, সুদের হার ৯.০০% এবং ১০ টাকার হিসাবের মাধ্যমে ঋণের অর্থ প্রদান সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা আবশ্যিকভাবে পরিপালন করতে হবে। মাস ভিত্তিক বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের বিবরণী পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০৪

৫. প্রতিটি শাখাকে পরিবেশবান্ধব খাতের আওতায় ন্যূনপক্ষে সোলার খাতে ১০টি, বায়োগ্যাস খাতে ১০টি, কেঁচোকম্পোষ্ট খাতে ১০টি এবং সোলার ইরিগেশন পাম্প খাতে ৪টি ঋণ বিতরণ করতে হবে। জোনাল ব্যবস্থাপকগণ আধুনিক ইটাভাটাসহ পরিবেশবান্ধব খাতে ঋণ বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৬। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত

১৭.০৭.২০১৯
(শামীমা ফেরদৌস শিমুল)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

প্রকা/ঋওঅবি-২/৩৮/২০১৯-২০২০/৩১(৪৫৩) তারিখ : ১৭.০৭.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১০। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/ ব্যবস্থাপক, এলপিও, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৩। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৫। অফিস নথি/মহানথি।

১৭.০৭.২০১৯
(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
মুখ্য কর্মকর্তা

সংযোজনী-'ক'

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-২

২০১৯-২০২০ অর্থবছরে শস্য খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার কর্মসূচিভিত্তিক বিভাজন

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোনের নাম	প্রচলিত শস্য ঋণ	আবর্তনশীল শস্য ঋণ	৪% সুদে ডাল, তৈলবীজ ও মসলা জাতীয় শস্য ঋণ	ভূমিহীন ও বর্গাচাষীদের অনুকূলে জামানতবিহীন ঋণ	রাকাব-বিএমডিএ যৌথ তদারকি ঋণ	মোট
১	রাজশাহী	৬৫০০.০০	২৪৫.০০	৫৫.০০	১৪০.০০	৫০.০০	৬৯৯০.০০
২	নওগাঁ	১৬০০.০০	৪১০২.০০	২৫.০০	১৫৫.০০	১০০.০০	৫৯৮২.০০
৩	নাটোর	৩৮০০.০০	৭২০.০০	২৩০.০০	২২০,০০	০.০০	৪৯৭০.০০
৪	চাঁপাইনবাবগঞ্জ	৩৮০০.০০	১৫০.০০	৮৩.০০	৩৩০.০০	৭৫.০০	৪৪৩৮.০০
৫	বগুড়া (উঃ)	২৮০০.০০	১১০.০০	৪৫.০০	১২০.০০	০.০০	৩০৭৫.০০
৬	বগুড়া (দঃ)	২৭০০.০০	১৮০.০০	২৫.০০	৮০.০০	০.০০	২৯৮৫.০০
৭	জয়পুরহাট	২০৭৫.০০	১৭৪৫.০০	৭০.০০	১০৫.০০	৭৫.০০	৪০৭০.০০
৮	পাবনা	১৯০০.০০	১৫২০.০০	১৫০.০০	৪০০.০০	০.০০	৩৯৭০.০০
৯	সিরাজগঞ্জ	৪৫০০.০০	৪৫.০০	৭৫.০০	৯০০.০০	০.০০	৫৫২০.০০
	উপ-মোট	**২৯৬৭৫.০০**	**৮৮১৭.০০**	**৭৫৮.০০**	**২৪৫০.০০**	**৩০০.০০**	**৪২০০০.০০**
১০	রংপুর	৬৭০০.০০	৫৫.০০	৬৩.০০	৬০০.০০	০.০০	৭৪১৮.০০
১১	গাইবান্ধা	৪০৭৫.০০	২১৭.০০	২০.০০	২২০.০০	০.০০	৪৫৩২.০০
১২	কুড়িগ্রাম	৫৭৫০.০০	২০.০০	৩৩.০০	২২০.০০	০.০০	৬০২৩.০০
১৩	নীলফামারী	৫১২৭.০০	১০০.০০	৭০.০০	২৩০.০০	০.০০	৫৫২৭.০০
১৪	লালমনিরহাট	৫৭৭০.০০	১০.০০	৪০.০০	১৮০.০০	০.০০	৬০০০.০০
১৫	দিনাজপুর (উঃ)	৩৯৯৪.০০	৫০.০০	৩৬.০০	৩৬০.০০	৫০.০০	৪৪৯০.০০
১৬	দিনাজপুর (দঃ)	৩৯৬০.০০	১৮.০০	৩২.০০	৪৫০.০০	৫০.০০	৪৫১০.০০
১৭	ঠাকুরগাঁও	৪৮৫০.০০	২৫০.০০	৪৮.০০	২০০.০০	৫০.০০	৫৩৯৮.০০
১৮	পঞ্চগড়	৩৮১২.০০	৫০.০০	১০০.০০	৯০.০০	৫০.০০	৪১০২.০০
	উপ-মোট	**৪৪০৩৮.০০**	**৭৭০.০০**	**৪৪২.০০**	**২৫৫০.০০**	**২০০.০০**	**৪৮০০০.০০**
১৯	এলপিও	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	সর্বমোট ঃ	**৭৩৭১৩.০০**	**৯৫৮৭.০০**	**১২০০.০০**	**৫০০০.০০**	**৫০০.০০**	**৯০০০০.০০**

২৭.০৭.২০১৯
(মোঃ মোকাররম হোসেন)
মুখ্য কর্মকর্তা

২৭.০৭.২০১৯
(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
মুখ্য কর্মকর্তা

E:\LAD-2 (Com-2)\Crop 38\2019-2020 Target\All Crop Target 2019-2020 .xlsx

সংযোজনী-'খ'

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-২

২০১৯-২০২০ অর্থবছরে দারিদ্র্য বিমোচনমূলক খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার কর্মসূচিভিত্তিক বিভাজন

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	জোনের নাম	স্বনির্ভর ঋণ কর্মসূচি	শস্য গুদাম ঋণ প্রকল্প	১০ টাকার হিসাবে			রাকাব আদিবাসী/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ঋণ কর্মসূচি	মুক্তিযোদ্ধা বিশেষ ঋণ কর্মসূচি	প্রাথমিক শিক্ষকদের ঋণ কর্মসূচি	শহর বাজারহাট এলাকায় জামানতবিহীন ঋণ কর্মসূচি	অন্যান্য খাতে ঋণ কর্মসূচি	মোট
				০১.০৭.১৯ হতে ৩০.১২.১৯	০১.০১.২০ হতে ৩০.০৬.২০	মোট						
১	রাজশাহী	০	১	৪০	২০	৬০	৪	২০	০	৭৫	১৮৭	৩৪৭
২	নওগাঁ	০	১	৯০	৪০	১৩০	১০	২০	০	৭৫	১৮১	৪১৭
৩	নাটোর	১০	০	৩৫	১০	৪৫	০	২৭	২০	২০	১০	১৩২
৪	চাঁপাইনবাবগঞ্জ	০	০	৫০	৩০	৮০	১০	৪	০	২০	২৫	১৩৯
৫	বগুড়া (উঃ)	০	০	৪০	১০	৫০	১	২	৩০	৩০	১০	১২৩
৬	বগুড়া (দঃ)	০	০	৪৫	২৫	৭০	১	২	০	৩৫	২০০	৩০৮
৭	জয়পুরহাট	২০	১	৫০	৩৩	৮৩	১০	২৫	০	১০০	১০০	৩৩৯
৮	পাবনা	৮	০	২৫	১৫	৪০	০	১৫	৩০	২৫	৭০	১৮৮
৯	সিরাজগঞ্জ	০	০	৪০	২৫	৬৫	১	৪	১৫০	২৫	১০	২৫৫
	উপ-মোট	**৩৮**	**৩**	**৪১৫**	**২০৮**	**৬২৩**	**৩৭**	**১১৯**	**২৩০**	**৪০৫**	**৭৯৩**	**২২৪৮**
১০	রংপুর	১০	১	৩৫	২০	৫৫	১	২০	০	২০	১০	১১৭
১১	গাইবান্ধা	৮	১	২৫	১০	৩৫	৬	১৫	২০	১৫	১০	১১০
১২	কুড়িগ্রাম	৮	১	৫৫	২০	৭৫	০	১০	০	২০	১২০	২৩৪
১৩	নীলফামারী	২০	১	৪০	১৪	৫৪	০	১০	০	২০	১০	১১৫
১৪	লালমনিরহাট	০	১	৪০	১৫	৫৫	০	২০	০	২০	১০	১০৬
১৫	দিনাজপুর (উঃ)	০	২	৩৬	২০	৫৬	৩	১০	২০	৩০	২০	১৪১
১৬	দিনাজপুর (দঃ)	০	২	৩১	১০	৪১	০	১৫	০	৩০	৩	৯১
১৭	ঠাকুরগাঁও	৮	০	৩০	১৬	৪৬	১০	২৬	০	৩০	৩	১২৩
১৮	পঞ্চগড়	৮	০	২০	১০	৩০	১	৫	১৩০	১০	৩	১৮৭
	উপ-মোট	**৬২**	**৭**	**৩১২**	**১৩৫**	**৪৪৭**	**২১**	**১৩১**	**১৭০**	**১৯৫**	**১৮৯**	**১২২২**
১৯	এলপিও			২০	১০	৩০						৩০
	সর্বমোট ঃ	**১০০**	**১০**	**৭৪৭**	**৩৫৩**	**১১০০**	**৫৮**	**২৫০**	**৪০০**	**৬০০**	**৯৮২**	**৩৫০০**

(মোঃ মোকাররম হোসেন)
মুখ্য কর্মকর্তা

(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
মুখ্য কর্মকর্তা

E:\LAD-2 (Com-2)\Poverty Alivation\Target Proverty 2019-2020\Zone & Item Wise Poverty Budget 19-20 target.xls

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-২

২০১৯-২০২০ অর্থবছরে পরিবেশবান্ধব পণ্য/ উদ্যোগের জন্য বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় জোনওয়ারী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোনের নাম	২০১৯-২০২০ অর্থবছরে মোট ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা	পরিবেশবান্ধব খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা
১	রাজশাহী	২২৮২০.০০	১১৪১.০০
২	নওগাঁ	১৮০২০.০০	৯০১.০০
৩	নাটোর	১১৪৩০.০০	৫৭২.০০
৪	চাঁপাইনবাবগঞ্জ	৯৮২০.০০	৪৯১.০০
৫	বগুড়া (উঃ)	১২৬২০.০০	৬৩১.০০
৬	বগুড়া (দঃ)	১৩৫১০.০০	৬৭৬.০০
৭	জয়পুরহাট	১৩২২৫.০০	৬৬১.০০
৮	পাবনা	১২৫১৫.০০	৬২৬.০০
৯	সিরাজগঞ্জ	১১৫৬৫.০০	৫৭৮.০০
উপ-মোট		**১২৫৫২৫.০০**	**৬২৭৭.০০**
১০	রংপুর	১৮২৫০.০০	৯১৩.০০
১১	গাইবান্ধা	৯৯৬৫.০০	৪৯৯.০০
১২	কুড়িগ্রাম	১০২২৫.০০	৫১২.০০
১৩	নীলফামারী	১১৯৩৫.০০	৫৯৭.০০
১৪	লালমনিরহাট	৯৯৫৫.০০	৪৯৮.০০
১৫	দিনাজপুর (উঃ)	১১৯৫৫.০০	৫৯৮.০০
১৬	দিনাজপুর (দঃ)	১১২৮৫.০০	৫৬৫.০০
১৭	ঠাকুরগাঁও	৯৬৪৫.০০	৪৮৩.০০
১৮	পঞ্চগড়	৮৫০০.০০	৪২৫.০০
উপ-মোট		**১০১৭১৫.০০**	**৫০৯০.০০**
১৯	এলপিও	২৬৬০.০০	১৩৩.০০
২০	ঢাকা শাখা	১০০.০০	০.০০
সর্বমোট :		**২৩০০০০.০০**	**১১৫০০.০০**

বিঃদ্রঃ মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ৫% পরিবেশবান্ধব খাতে বিতরণযোগ্য।

২৭.০৭.২০২০
(মোঃ মোকাররম হোসেন)
মুখ্য কর্মকর্তা

২৭.০৭.২০১৯
(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
মুখ্য কর্মকর্তা

E:\LAD-2 (Com-2)\Crop 38\2019-2020 Target\Green Banking Target\Target 2019-2020.xls

সংযোজনী-'ঘ'

২০১৯-২০২০ অর্থবছরে শস্য, দারিদ্র বিমোচন ও পরিবেশবান্ধব খাতে কর্মসূচিভিত্তিক ঋণ বিতরণ অগ্রগতির সাপ্তাহিক প্রতিবেদন

জোনের নাম : ....তম সপ্তাহ ।

(লক্ষ টাকায়)

(ক) শস্য ঋণ :

প্রচলিত শস্য				আবর্তনশীল শস্য				৪% সুদে আমদানি বিকল্প শস্য				ভূমিহীন ও বর্গাচাষী				রাকাব বিএমডিএ				মোট			
লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার
	সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪

(লক্ষ টাকায়)

(খ) ৪% সুদে আমদানি বিকল্প শস্য ঋণ :

লক্ষ্যমাত্রা	চলতি সপ্তাহে ঋণ বিতরণ											অনাদায়ী ঋণ স্থিতি					
	ডাল		তৈলবীজ		মসলা		ভুট্টা		সর্বমোট			শ্রেণীকৃত		অশ্রেণীকৃত		মোট	
	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	হার	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৬	১৭	১৯	২০

(লক্ষ টাকায়)

(গ) দারিদ্র বিমোচন/ মাইক্রোক্রেডিট খাতে ঋণ বিতরণ:

স্বনির্ভর				শস্য গুদাম				রাকাব আদিবাসী				মুক্তিযোদ্ধা				প্রাথমিক শিক্ষক				১০ টাকার হিসাবধারী				শহর বাজারহাট এলাকায় জামানতবিহীন ঋণ				অন্যান্য খাত				মোট			
লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার
	সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬

(লক্ষ টাকায়)

(ঘ) পরিবেশবান্ধব খাতে ঋণ বিতরণ:

বায়োগ্যাস				সোলার সিস্টেম				কেঁচো-কম্পাস্ট				আধুনিক ইটভাটা				অন্যান্য				মোট				অনাদায়ী ঋণ স্থিত					
লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	লক্ষ্যমাত্রা	অর্জন		হার	শ্রেণীকৃত		অশ্রেণীকৃত		মোট	
	সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ			সংখ্যা	পরিমাণ		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০

কর্মকর্তা

জোনাল ব্যবস্থাপক

E:\LAD-2 (Com-2)\Crop 38\Weekly Statement\Weekly Format\Target Table 2019-2020.docx